টেভারিং)-এর মাধ্যমে ''অবাধ'' ই-টেভারের

টেভার বিজ্ঞপ্তি নং. ইএল-এমডব্লুএস-জিকেপি-

টেন্ডার নং. এবং কাজের বিবরণ : ইএল

মেকানিক্যাল ওয়ার্কশপ, গোরখপুরে ২৪ মাসের

জন্য নিয়োগ নং. ৭৫০ কেভিএ সাইলেন্ট ডিজি

ই.এম.ডি. মলা : ₹৭৬,৪০০,০০, টেন্ডার

চিঠি ইস্য করার সময় থেকে সমাপ্তির

সময়কাল- ২৪ মাস, ই-টেন্ডার অনলাইনে

০১.০৫.২০২৩ তারিখে ১১.০০ ঘন্টা পর্যন্ত

জমা দেওয়া হবে। সম্পূর্ণ বিবরণ এবং বিড

জমা দেওয়ার জন্য অন্ত্রহ করে ভারতীয়

রেলওয়ে আইআরইপিএস অফিসিয়াল

ডিওয়াই. চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (ডব্লু.এস

যাত্রীদের সুবিধায় এসএমএসে অভিযোগ করু

Tender Notice

The Executive Engineer, Siliguri Division, Housing Dte., Siliguri has invited open tender against e-N.I.T. No. 01 of 2023-24

Tender ID: 2023_HSD_504948_1 for Day to day Mtc. work to R.H.E., College Halt, Alipurduar under Coochbehar Sub-Division, Housing Dte. The last date of Submission, 6 Bid (online) = 20 (d. 2023

up to 17:00 hrs. (IST). Details may be ha

working day within office hour and fro the website www.u.b--

the website www.wbetenders.gov.i.
Corrigendum if any will be published i
website only. Sd/- Executive Enginee
Siliguri Division, Housing Dte.

lousing Dte. ICA-T7556(2)/2023

ওয়েবসাইট www.ireps.gov.in দেখুন।

এমডব্লএস-জিকেপি-২০২৩-২৪-০২,

আনুমানিক মূল্য : ₹৩৮,১৭,৩০০.০০,

ডকুমেন্টের অর্থাংক : ০.০০

CPRO/Elect-06

আমন্ত্ৰণ জানিয়েছে।

3030-38-03

সুখোই-৩০ যুদ্ধবিমানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। শনিবার অসমে। —পিটিআই

অরুণাচলের গ্রামে যাবেন শাহ

পতাকা-বিতর্ক

লখনউ : দু'হাতে ধরা ভারতের দুটি জাতীয় পতাকা, তা জড়ো করেই সাধারণ ন্যাকড়ার মতো ব্যবহার করে ফল মুছছে এক কিশোর! এই ঘটনার ভিডিও সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়তেই রীতিমতো রাগে ফুঁসছে নেট-নাগরিকরা। চাঞ্চল্যকর এই ঘটেছে উত্তরপ্রদেশের ঘটনাটি ঝাঁসিতে। স্বয়ং রানি লক্ষ্মীবাইয়ের মতো স্বাধীনতা সংগ্রামীর মাতৃভূমিতে দাঁড়িয়ে নিজের মাতৃভূমির উদ্দেশে যে চডান্ত অবমাননা এবং অসন্মান প্রদর্শন করল এক কিশোর, তা শোরগোল ফেলে দিয়েছে দেশজুড়ে। ভাইরাল হওয়া ভিডিওটি দেখে ওই কিশোরের সন্ধান শুরু করেছে পুলিশ।

বিপাকে বান!

বেঙ্গালুরু : কর্নাটকের দাওয়াঞ্চেডে থেকে প্রায় ৪০ লাখ টাকার রুপোর সামগ্রী বাজেয়াপ্ত করল ভারতের নির্বাচন কমিশন। কর্নাটকের একটি টোল প্লাজার কাছাকাছি, চেকপোস্টে গাড়ি পরীক্ষা করার সময় ধরা পড়ে এই নথিবিহীন বিপুল পরিমাণ রুপোর সামগ্রী। অভিযোগ, এই সামগ্রী নাকি বলিউডের অন্যতম পরিচিত ব্যক্তিত্ব, প্রযোজক বনি কাপুরের! শুক্রবার ভোরে একটি বিএমডব্লু গাড়িতে করে ৫টি রুপোর সামগ্রী ভর্তি বাক্স চেন্নাই থেকে মুম্বইয়ের পথে নিয়ে যাওয়া হচ্ছিল। সামগ্রীর মধ্যে মূলত ছিল রুপোর বাটি, চামচ, প্লেট, জল রাখার পাত্র ও অন্যান্য ব্যবহারকারী জিনিস। মামলা দায়ের হয়েছে।

মদ্যপের কাণ্ড

নয়াদিল্লি: ফের মাঝ আকাশে মদ্যপ বিমান্যাত্রীর অসংযত আচরণ। বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল বেঙ্গালুরুগামী একটি ইন্ডিগো বিমান। মদ্যপ অবস্থায় বিমানের আপৎকালীন দরজা (এমার্জেন্সি) খোলার চেষ্টা করেছিলেন ওই যাত্রী। অসংযত আচরণের জন্য পরে অভিযুক্ত যাত্রীকে অসামরিক বিমান পরিবহণ নিয়ামকের (সিআইএসএফ) হাতে তুলে দেওয়া হয়েছে বলে বিমান সংস্থাটি জানিয়েছে। শুক্রবার দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সকাল ৭টা ৫৬ মিনিটে ছাড়ে ৬ই ৩০৮ ইন্ডিগো বিমানটি। দিল্লি থেকে বেঙ্গালুরু যাচ্ছিল। কানপুরনিবাসী প্রতীক নামে ওই যাত্রী বিমানের ১৮এফ সিটে বসেছিলেন।

'চাই না কোনও ভুয়া ডিগ্রিধারী প্রধানমন্ত্রী'

নয়াদিল্লি: ফের দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের নিশানায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শিক্ষাগত যোগ্যতা। ক'দিন আগেই মোদির শিক্ষাগত যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলে আদালতে অস্বস্তিতে পড়েছেন কেজরি।

২৫ হাজার টাকা জরিমানা করা হয় তাঁকে। কিন্তু তিনি দমবার পাত্র নন। ক'দিন আগে অসম সফবে মোদিব শিক্ষাগত যোগ্যতা নিয়ে কটাক্ষ করেছিলেন দিল্লির মুখ্যমন্ত্রী। বলেন, "প্রধানমন্ত্রী মোদি যদি শিক্ষিত হতেন. তাহলে নোট বাতিলের মতো সিদ্ধান্ত নিতেন না, শেষ পর্যন্ত বাতিল হওয়া ক্ষি আইনও আনতেন না।" শনিবার ফের কেজরি মোদির নাম না করে টুইট করেন, 'চাই না, কোনও ভুয়া ডিগ্রিধারী ভারতের প্রধানমন্ত্রী হোক।' উল্লেখ্য,

ফের কটাক্ষ কেজরির

এদিনই বিজেপি নেতা হরিশ খুরানা দিল্লির আপ সরকারের শিক্ষানীতি নিয়ে কটাক্ষ করেছিলেন। তিনি টুইট করেন, 'দিল্লিতে প্রতি বছর নবম শ্রেণির ১ লক্ষের বেশি পড়য়া পরীক্ষায় কৃতকার্য হয় না। এরাই (আপ) নাকি শিক্ষাক্ষেত্রে বিপ্লব এনেছে।' <

খুরানার টুইটের ঘণ্টাখানেক পরে হিন্দিতে জবাব দেন কেজরি। লেখেন. 'যদি কোনও পড়্য়া লেখাপড়ায় দুর্বল হয়, তবে আমরা অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করব। কারণ, একদিন এই খদেদের কেউ ভারতের প্রধানমন্ত্রী হতে পারে। চাই না যে, ভবিষ্যতে কোনও ভূয়া ডিগ্রিধারী ভারতের প্রধানমন্ত্রী হোক।

আক্রান্ত ৬,১৫৫, সতর্ক যোগী-রাজ্য

নয়াদিল্লি: ফের আগের দিনের রেকর্ড ভেঙে গেল। শুক্রবার সারা দেশে নতুন করে করোনা আক্রান্ত হল ৬.১৫৫ জন। একইসঙ্গে দৈনিক করোনা সংক্রমণের হারও বেড়ে দাঁড়াল ৫.৬৩ শতাংশ। এর ফলে ভারতে মোট সক্রিয় রোগীর সংখ্যা বেড়ে হয়েছে ৩১,১৯৪। গত মাস থেকে দেশে ফের করোনা সংক্রমণ বৃদ্ধির পিছনে এক্সবিবি.১.১৬ ভ্যারিয়েন্টকেই দায়ী করছিলেন বিশেষজ্ঞরা। তবে দৃশ্চিন্ডার

কাশ্মীরে দুর্ঘটনায়

রিজিজুর গাড়ি

নয়াদিল্লি: কেন্দ্রীয় আইনমন্ত্রী কিরেন

রিজিজুর গাড়িতে ট্রাকের ধাকা।

অঙ্গের জন্য রক্ষা পেলেন মন্ত্রী।

দুর্ঘটনাটি ঘটেছে জম্মু-কাশ্মীরের

রামবান জেলায়। কেন্দ্রীয় মন্ত্রী জন্ম

থেকে শ্রীনগর যাচ্ছিলেন। তখনই

দুর্ঘটনাটি ঘটে। সকলেই সুরক্ষিত

আছেন বলে পুলিশ জানিয়েছে।

দুর্ঘটনার পরেই মন্ত্রীকে অন্য গাড়িতে

গন্তব্যের দিকে রওনা করিয়ে দেওয়া

হয়। শনিবার জম্ম বিশ্ববিদ্যালয়ের

একটি অনুষ্ঠানে যোগ দেন মন্ত্রী। ট্রাক

চালককে হেফাজতে নিয়েছে পুলিশ

তবে ইচ্ছাকৃতভাবে ধাকা মারা হয়নি

বলে প্রাথমিক তদন্তে অনুমান

পরিসংখ্যান অনুযায়ী, শুক্রবার করোনা প্রাণ কেড়েছে ন'জনের। এদিন টিকা নিয়েছেন ১,৯৬৩ জন। সাপ্তাহিক সংক্রমণের হার ৩.৪৭ শতাংশ।

বিষয় হল, ওমিক্রমের এই নয়া প্রজাতি অত্যন্ত দ্রুত প্রকৃতি পরিবর্তন করছে। এদিকে, দেশে সংক্রমণ বাড়তেই আগাম সতর্ক হয়ে বিদেশ থেকে আগত যাত্রীদেব বিমানবন্দবে কবোনা পরীক্ষা বাধ্যতামূলক করল উত্তরপ্রদেশ সরকার। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের

চিন সীমান্ত

বেজিংয়ের সঙ্গে দ্বন্দের আবহে সীমান্তে সড়ক যোগাযোগ উন্নতি হলে সহজেই সেনা সীমান্তে পৌঁছে যেতে পারবে। এই প্রকল্পে অরুণাচল. সিকিম, উত্তরাখণ্ড এবং হিমাচল প্রদেশের মতো রাজ্য এবং লাদাখের মতো কেন্দ্রশাসিত অঞ্চলের উত্তরাংশের সীমান্তবতী ১৯টি জেলার ৪৬টি ব্লকের ২,৯৬৭টি গ্রামে উন্নয়ন করা হবে। যা চিনের কথা মাথায় রেখেই হয়েছে বিশেষজ্ঞদের ধারণা। স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে

পরমাণু অস্ত্রবহনক্ষম

১১টি জায়গার নাম নিজেদের ইচ্ছামতো

রেখেছে চিন। তা নিয়ে কটাক্ষ করেছে

ভারতও। ডোকলাম নিয়ে দু'দেশের

মধ্যে রয়েছে উত্তেজনাও। সেই

আবহেই এবার ১০-১১ এপ্রিল

অরুণাচল যাচ্ছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী

অমিত শাহ। শুধু তাই নয়, চিন সীমান্তে

কিবিথু গ্রামে 'ভাইব্র্যান্ট ভিলেজ

পোগ্রাম' সূচনা করবেন তিনি। যা অত্যন্ত

উল্লেখযোগ্য। কারণ, কেন্দ্রের ৪,৮০০

কোটি টাকা সাহায্যে এই প্রকল্প

বাস্তবায়িত হবে। তার মধ্যে শুধু ২,৫০০

কোটি দেওয়া হবে সড়ক যোগাযোগের

উন্নতির জন্যই। মনে করা হচ্ছে,

সিওল: 'হায়েলি ১'-এর পর 'হায়েলি ২'। আবার পরমাণু অস্ত্র বহনক্ষম হামলাকারী ড্রোনের পরীক্ষা করল উত্তর কোরিয়া। সমুদ্রের নিচ দিয়ে হামলা চালাতে পারবে এই ড্রোন। শনিবার এই ড্রোনের পরীক্ষা

ড্রোন পরীক্ষা কিমের

করে শক্তিপ্রদর্শনের চেষ্টা করলেন প্রশাসক কিম জং উন। আগেই 'হায়েলি ১' ড্রোনের সফল পরীক্ষা করেছিল উত্তর কোরিয়া। তার ঠিক এক সপ্তাহের মধ্যেই 'হায়েলি ২' ড্রোনের পরীক্ষা চালাল তারা।

কাল ভারতে ইউক্রেনের উপবিদেশমন্ত্রী

কিয়েভে নরেন্দ্র মোদিকে আমন্ত্রণ জানাতে পারেন

নয়াদিল্লি: দেশে রুশ সামরিক অভিযান চলছে এক বছরেরও বেশি সময় ধরে। ভারত যুদ্ধের বিরোধিতা করে পাশেই দাঁড়িয়েছে। এই অবস্থায় ভারত সফরে আসছেন ইউক্রেনের উপবিদেশমন্ত্রী। *পৌঁছচ্ছেন* ইউক্রেনের উপ বিদেশমন্ত্রী এমিনে জাপারোভা। চার দিনের সফরে দ্বিপাক্ষিক বৈঠক করবেন ভারতের

গত বছর ফেব্রুয়ারিতে রাশিয়া এই প্রথম ইউক্রেনের কোনও মন্ত্রী ভারতে আসছেন। দুই দেশের মাঝের সম্পর্ক

নিয়ে কথা বলার সময় আলোচনা হবে ইউক্রেনের বর্তমান পরিস্থিতি এবং গোটা বিশ্বের

বিষয় 🌆 নিয়ে যা প্রভাবিত করছে দুই দেশকে। বিদেশমন্ত্রী জয়শঙ্কর ছাড়াও বিদেশমন্ত্রক ও সংস্কৃতি মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী মীনাক্ষী লেখি এবং জাতীয় নিরাপত্তা বিষয়ক উপ-উপদেষ্টা বিক্রম মিম্রির সঙ্গেও। ভারতের তরফে যুদ্ধবিধ্বস্ত ইউক্রেনের জন্য অসরকারি সংগঠনগুলির তরফে এবং বিধ্বস্ত শহরগুলির

পরিকাঠামো ফেরাতে প্রয়োজনীয় সাহায্য জোগাড় করার জন্যও উদ্যোগ নেবেন ইউক্রেনীয় মন্ত্রী। বিদেশমন্ত্রকের তরফে এক বিবৃতিতে বলা হয়েছে, 'ভারত ইউক্রেনের সঙ্গে উষ্ণ ও বন্ধত্বপূর্ণ সম্পর্ক বজায় রেখে চলে। ৩০ বছরেরও বেশি সময় ধরে দুই দেশের মধ্যে কূটনৈতিক সুসম্পর্ক রয়েছে। দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে শিক্ষা, শিল্প, সংস্কৃতি ও প্রতিরক্ষার মতো বিষয়গুলি গুরুত্ব পাবে।' ইউক্রেনের উপবিদেশমন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে কিয়েভে যাওয়ার জন্য আমন্ত্রণ

অভিযোগ খারিজ করল হাই কোর্ট

গাছ কাটার প্রতিবাদী চিঠি

নয়াদিল্লি: মেট্রো রেলের কারণে তিন হাজার গাছ কাটা পডায় প্রতিবাদ মুম্বই মেটো কর্পোরেশনের ম্যানেজিং ডিরেক্টর অশ্বিনী ভিড়েকে চিঠি লেখেন অভিজিৎ মাইকেল। তার জেরেই অভিজিতের বিরুদ্ধে দায়ের হয় এফআইআর। সেই এফআইআর খারিজ করে দিল বম্বে হাই কোর্টের দুই বিচারপতির বেঞ্চ। বিচারপতি সুনীল শুকরে এবং বিচারপতি এম এম সাঠেকে নিয়ে গঠিত বেঞ্চ জানায়, চিঠি দিয়ে যিনি প্রতিবাদ জানিয়েছিলেন তাঁর উদ্দেশ্য ছিল শুধুমাত্র পরিবেশকে রক্ষা করা। তাই তাঁর বিরুদ্ধে এই ধরনের অভিযোগ গ্রাহ্য করা যেতে পারে না। উল্লেখ্য, মুম্বইয়ের ফুসফুস হিসাবে চিহ্নিত অ্যারে এলাকার তিন হাজারের বেশি গাছ কেটে মেট্রো রেলের কারশেড তৈরি নিয়ে দীর্ঘ সময় ধরেই বিতর্ক চলছে তারই মধ্যে প্রতিবাদ জানিয়ে চিঠি লেখেন অভিজিৎ। এই এফআইআর বিষয়ে বিচারপতি ভিড়ে বলেন, এই ধরনের ঘটনার ক্ষেত্রে পুলিশেরই উচিত নয় কোনও অভিযোগ নথিভুক্ত করা।

আমূল বিতর্ক

বেঙ্গালুরু: বেঙ্গালুরুতে আমূল দুধ ও দই বিক্রি করার কথা টুইট করে ঘোষণা করতেই দেশের সর্ববহৎ ডেয়ারি সংস্থার বিরুদ্ধে গর্জে উঠছে কর্নাটকের মানুষ থেকে রাজনীতিবিদরা। তাদের অভিযোগ, গুজরাত কোঅপারেটিভ মিক্ষ মার্কেটিং ফেডারেশন লিমিটেডের নিজস্ব ব্যান্ড আমূল বেঙ্গালুরুতে দুধ বিক্রি করতে শুরু করলে তা দুগ্ধ সমবায় সংগঠনগুলির মধ্যে হওয়া অলিখিত চুক্তি লঙ্ঘন করবে। দেশে দ্বিতীয় বৃহৎ দুগ্ধ প্রক্রিয়াকরণ সংস্থা কর্নাটক মিল্ক ফেডারেশন। তাদের ব্র্যান্ডের নাম নন্দিনী।

মহড়া শুরু চিনের

নয়াদিল্লি: কয়েক দিন ধরে তাইওয়ানের কাছে চিন সাগরে সেনা ও যুদ্ধজাহাজ জমা করছিল বেজিং। এবার শুরু হল মহড়া। ইউক্রেন-রাশিয়া যুদ্ধ মেটার আগেই ফের যুদ্ধের অশনি সংকেত পূর্ব এশিয়ায়। সদ্য মার্কিন সফরে যান তাইওয়ানের প্রেসিডেন্ট সাই ইং ওয়েন। প্রথমবার হোয়াইট হাউসের স্পিকারের সঙ্গে বৈঠক করেছেন তাইওয়ানের কোনও প্রেসিডেন্ট।

সারমেয়-দংশনে মৃত্যু 🔯 💆 উত্তর পূর্ব রেলওয়ে

রায়পুর: গত ফেব্রুয়ারিতে হায়দরাবাদে পাঁচ বছরের এক শিশুর মৃত্যু হয়েছিল পথকুকুরের হামলায়। এবার প্রায় একই ধরনের ঘটনা ছত্তিশগড়ে। কোরিয়া এলাকায় পাঁচ বছরের এক শিশুকন্যার মৃত্যু হয়েছে পথকুকুরের হামলায়। জানা গিয়েছে, শুক্রবার সকাল ৬টা নাগাদ বৈকুষ্ঠপুরের মার্গদর্শন স্কুল রোডের পাঁচ বছরের সুকান্তি প্রকৃতির ডাকে সাড়া দিতে বাড়ির বাইরে বেরিয়েছিল। তখনই তাকে আক্রমণ করে কুকুর।

TENDER NOTICE Bengal, E-Tender is invited by the CMOH Dakshin Dinajpur for following e-tender 1. Tender No. DHFWS/Tree Auction/54

dated 05.04.2023 for selling of Trees from resourceful, eligible agency having experience in similar nature of works Bid Submission Closing Date 13.04.2023 at 05.00 PM. For Detail (e tender), Please visit the website www.wbtenders.gov.in and Office of Undersigned. Sd/- CMOH

ICA-T7549(3)/2023

e-TENDER NOTICE eNIT No. WBPHED/EE/CMD/eNIT-45/2022-2023 [2nd Call]

GOVERNMENT OF WEST BENGAL

ender ID- 2023_PHED_490569_1 to 23 mission closing date (Online) 17.04.2023 at 6.30 p.m. All other details may be had from above office and website: http://etender.wb.nic.in Sd/- Executive Engineer, Central Mech. Divn., PHE Dte. ICA-T7569(1)/2023

GOVERNMENT OF WEST BENGAL

Bid reference no. - WBMSCL/NIT 158/2023, WBMSCL/NIT-159/2023 8 WBMSCL/NIT-160/2023 Dated Services Corporation Ltd. is inviting online bids for "**AMC of LAN, CCTV 8** EPABX system for 3 MCH with manpower" Last date of submission of bid (online)- 18.04.2023 upto 02.00 P.M. The tender document can b www.wbtenders.gov.in on or after 04.00 P.M. on 06.04.2023. Details of the tender will also be available at www.wbmsc.gov.in Clarification requests, if any may be sent to mit@wbmsc.gov.in Sd/- General Manager, WBMSCL. ICA-T7553(2)/2023

work Construction of wellness activity www.wbhealth.gov.in or the Secretary, DH&FWS, Purba Medinipu

(২) ইএল/এলএম/২২–২৩/৩২ (৩) ইএল ালএম/২২-২৩/৩৩ (৪) ই এল/এলএম ২২-২৩/৩৪-এর বিপরীতে টেন্ডার বিজ্ঞপ্তি নং দিনি.ডিইই/ এলএমজি/৩৫ অব ২০২২-২**৩** ারিখঃ ৩০-০৩-২০২৩-<mark>এর মধ্যে পরিবর্তন করা</mark> নংশোধনী। এখন উপরের টেন্ডার বন্ধের তারিখ াবং সময় ২১-০৪-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টার পরিবর্তে ০১-০৫-২<u>০২</u>৩ তারিখের ১৫.০০ বল্টা করা হয়েছে। বিডিং শুরু **হবে**

সিনি. ডিইই/জিঅ্যান্ড ওপি, লামডিং

TENDER NOTICE

On behalf of the Governor of West
Bengal, E-Tender is invited by the Chief
Medical Officer of Health, Purba Medinipur District, Pin-721636 for the work Construction of wellness activity area, patient waiting shed and M.S. Staircase at different Block under Purba Medinipur, from resourceful, eligible agency having experience in similar nature of works. Technical & Financial Bid Submission Closing Date:
19/04/2023 at 5:00 PM. For Detail,
Please visit the website
www.purbamedinipur.gov.in, the Undersigned. Sd/- CMOH & ICA-T7551(1)/2023

নংশোধনী নং.ঃ ইএল/এলএম/ ২৩-২৪/ ০১, তারিখ ঃ ০৬-০৪-২০২৩

উত্তর পূর্ব সীমাস্ত রেলওয়ে

CORRIGENDUM NOTICE - I & II

2(Two) Nos Corrigendum Notice have been issued for NIeT no 48 of the FY 2022-2023 of the Superintending Engineer-I, Project Management Unit, WBPWSP(P), PHE Dte. vide corrigendum circulation Memo No. 906/W 34/JICA/PMU/2013 dated: 05.04.202 34/IICA/PMU/2013 dated: 05.04.202 the website: https://wbphed.gov.ir the PMU, WBPWSP (Purulia), PHE Dt Sa/- Superintending Engineer-I, PMU WBPWSP (Purulia), PHE Dte.

ভিসুভিয়াস ইন্ডিয়া লিমিটেড

VESUVIUS সিআইএন : এল২৬৯৩৩ডব্লুবি১৯৯১পিএলসি০৫২৯৬৮ রেজিঃ অফিস : পি-১০৪, তারাতলা রোড, কলকাতা-৭০০০৮৮ ফোন : ০৩৩-৬১০৯০৫০০, ফ্যাক্স : ০৩৩-২৪০১৩৯৭৬

ইমেল : vesuviusindia@vesuvius.com, ওয়েবসাইট : www.vesuviusindia.in

৩২ তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে ভিসভিয়াস ইন্ডিয়া লিমিটেডের সদস্যদের ("কোম্পানী") ৩২তঃ বার্ষিক সাধারণ সভা ("এজিএম") ব্রধবার, ৩ মে, ১০১৩ সকাল ১০.৩০ এ অনুষ্ঠিত হবে (আইএসটি জি. ডি. বিড়লা সভাঘর, ২৯, আশুতোষ চৌধুরী অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৯- এ ২৭ ফেব্রুয়ারী, ২০২৩ তারিখের এজিএম- এর নোটিশে ("নোটিশ") নির্ধারিত ব্যবসা লেনদেনের জন্য।

৩১ ডিসেম্বর, ২০২২ সমাপ্ত আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন নোটিশ, উপস্থিতি স্ল্রিপ, প্রক্সি ফর্ম এবং এজিএমের স্থানের রুট ম্যাপ সহ সদস্যদের কাছে পাঠানো হয়েছে, ইলেকট্রনিকভাবে যাদের ই- মেইল আইডি কোম্পানির সাথে নিবন্ধিত আছে তাদের কাছে। আরটিএ, সিবি ম্যানেজমেন্ট সার্ভিসেস (পি) লিমিটেড/ ডিপোজিটরি অংশগ্রহণকারী(গুলি) এবং অন্যান্য অনুমোদিত মোড দ্বারা সেই সদস্যদের কাছে ঠানো হয়েছে যারা তাদের ই- মেইল আইডি নিবন্ধন করেনি। ই- যোগাযোগ/ চালানটি ৮ এপ্রিল ২০২৩ তারিখে সম্পন্ন হয়েছে। এজিএমের বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইটে india.in, সেইসাথে এটির আরটিএ- এর ওয়েবসাইট www.cbmsl.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে যেমন, বিএসই লিমিটেড এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড যথাক্রমে www.bseindia.com এবং www.nseindia.com- এ এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেডের ("এনএসডিএল") ওয়েবসাইট www.evoting.nsdl.com এ।

এতদ্বারা বিজ্ঞপ্তিও দেওয়া হচ্ছে যে সকল সদস্য এজিএমে ঘোষিত করা হবে এমন লভ্যাংশ পাওয়ার অধিকারী হবেন তাদের নির্ধারণ করতে **রেকর্ড তারিখ** হবে- <mark>বধবার, ২৬ এপ্রিল</mark> ২০২৩। সদস্যদের অনগ্রহ করে আরটিএ/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টে তাদের ব্যাঙ্ক আকাউন্টের বিবরণী রেজিস্টার/ আপডেট করার জন্য।

কোম্পানি আইন, ২০১৩ ("অ্যাক্ট") এর ধারা ১০৮ এর পরিপ্রেক্ষিতে কোম্পানির ব্যবস্থাপনা ও প্রশাসন) বিধিমালা, ২০১৪ এবং সেবির (লিস্টিং বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ ("সেবি এলওডিআর") এর প্রবিধান ৪৪ এর বিধি ২০ এর সাথে পড়া হয়েছে, এবং সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড - ২, কোম্পানি এনএসডিএল দ্বারা প্রদত্ত ইলেকট্রনিক ভোটিং পরিষেবার মাধ্যমে তাদের সদস্যদের এজিএমে রিমোট ই- ভোটিং এবং ট্যাব ই- ভোটিং সুবিধা প্রদান করতে পেরে সস্তুষ্ট। এতদ্বারা সদস্যদের অবগত করা যাচ্ছে যে:

১. নোটিশে বর্ণিত সাধারণ এবং বিশেষ ব্যবসাগুলি হতে পারে ইলেকট্রনিক উপায়ে ভোটের মাধ্যমে লেনদেন করা হয়:

২. রিমোট ই- ভোটিং শুরু হবে শনিবার, ২৯ এপ্রিল, ২০২৩ সকাল ৯.০০ টা (আইএসটি) থেকে এবং শেষ হবে মঙ্গলবার, ২ মে, ২০২৩ বিকাল ৫.০০(আইএসটি) এ।

৩. এজিএম- এ রিমোট ই- ভোটিং বা ট্যাব ই- ভোটিং দ্বারা ভোট দেওয়ার যোগ্যতা নির্ধারণের জন্য কাট- অফ তারিখ, বধবার, ২৬ এপ্রিল, ২০২৩:

৪. যে কোনও ব্যক্তি যিনি কোম্পানির শেয়ার অর্জন করেন এবং নোটিশ পাঠানোর পরে এবং কাট- অফ তারিখে শেয়ার ধারণ করার পরে কোম্পানির সদস্য হন, তিনি evoting@nsdl.co.in অথবা ranarc@cbmsl.co- এ একটি অনুরোধ পাঠিয়ে ইউজার আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন। যাইহোক, যদি সদস্য ইতিমধ্যেই ই-ভোটিংয়ের জন্য এনএসড়িএল- এব বেজিস্টাব কবে থাকেন তবে ভৌট দেওয়াব জন্য বিদ্যোদ ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করা যেতে পারে। যে কোনো ব্যক্তি যিনি কাট-অফ তারিখে কোম্পানির সদস্য হওয়া বন্ধ করে দিয়েছেন, তিনি রিমোট ই-ভোটিং বা এজিএম- এ ভোট দেওয়ার অধিকারী হবেন না এবং শুধমাত্র তথ্যের উদ্দেশ্যে নোটিশটি

৫. সদস্যদের এটি নোট করার জন্য অনুরোধ করা হচ্ছে যে:

ক) রিমোট ই- ভোটিং মডিউল এনএসডিএল দ্বারা নিষ্ক্রিয় করা হবে এবং রিমোট ই- ভোটিং শেষ হওয়ার পূর্বোক্ত তারিখ এবং সময়ের পরে অনুমতি দেওয়া হবে না:

খ) একবার একটি রেজ্জলেশনের উপর সদস্য দ্বারা ভোট দেওয়া হলে, সদস্যকে

পরবর্তীকালে এটি পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না; গ) এজিএম- এ ট্যাব ই- ভোটিং- এর সুবিধাও পাওয়া যাবে।

ঘ) যে সদসারা রিমোট ই- ভোটিং দ্বারা তাদের ভোট দিয়েছেন তারাও এজিএম- এ যোগ দিতে পারেন কিন্তু পুনরায় তাদের ভোট দেওয়ার অধিকারী হবেন না;এবং

ঙ) একজন ব্যক্তি যার নাম সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরিদের দ্বারা রক্ষণাবেক্ষণকারী সুবিধাভোগী মালিকদের তালিকায় শুধুমাত্র কাট- অফ তারিখে নথিভুক্ত করা হয়েছে, তিনি রিমোট ই- ভোটিং এর পাশাপাশি ই- ভোটিং সুবিধা পাওয়ার অধিকারী হবেন এজিএম-এ।

৬. ই- ভোটিং নির্দেশাবলীর জন্য, (দরিমোট এবং ট্যাব ই- ভোটিং), সদস্যরা ই যোগাযোগ/ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রদত্ত ই- ভোটিং নির্দেশাবলীর মাধ্যমে যেতে পারেন। রিমোট ই- ভোটিং- এর সাথে সম্পর্কিত কোনও প্রশ্ন বা সমস্যার ক্ষেত্রে, সদস্যরা ইমেল আইডি evoting@nsdl.co.in বা টোল ফ্রি নম্বর ১৮০০ ১০২০ ৯৯০/১৮০০ ২২ ৪৪৩০- এ এনএসডিএল- এর সিনিয়র ম্যানেজার মিসেস পল্লবী মাহাত্রে- এর সাথে যোগাযোগ করতে পারেন। কোনো প্রশ্নের ক্ষেত্রে, সদস্যরা শেয়ারহোল্ডারদের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন এফএকিউএস) এবং শেয়ারহোল্ডারদের জন্য ই- ভোটিং ব্যবহারকারী ম্যানুয়ালটি ww.evoting.nsdl.com এর ডাউনলোড বিভাগে উপলব্ধ।

নোটিশ/ ব্যাখ্যামূলক বিবৃতিতে উল্লেখিত নথিগুলি বাস্তবিক বা ইলেকট্রনিক আকারে ণরিদর্শনের জন্য সমস্ত কার্যদিবস সহ এবং বার্ষিক সাধারণ সভার তারিখ পর্যন্ত দুপুর ১২.০০ টা থেকে ২.০০ এর মধ্যে উন্মুক্ত।

তারিখ : ৮ এপ্রিল , ২০২৩

স্থান : কলকাতা

ভিসুভিয়াস ইন্ডিয়া লিমিটেডের জন কোম্পানি সেক্রেটারি অ্যান্ড কমপ্লেইন অফিসার মেম্বারশিপ নং. : এ১৬৩৮১

খেলা

জেলা লিগ থেকে প্রতিভা খোঁজার পরামর্শ ক্রীড়ামন্ত্রীর

ভাবনা রাজ্যের ক্রীড়ামন্ত্রী বিশ্বাসের। জেলা লিগ থেকে প্রতিভাবান ফুটবলার তুলে আনতে আইএফএ-কে পরামর্শ দিলেন তিনি। পাশাপাশি বিষয়টি নিয়ে বঙ্গ ফুটবলের নিয়ামক সংস্থাকে যাবতীয় সরকারি সাহায্যের আশ্বাসও দিয়েছেন তিনি।

অনূর্ধ্ব-১৭ জেলা লিগের ঘোষণা উপলক্ষে শনিবার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে আইএফএ-র সাংবাদিক উপস্থিত হয়েছিলেন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। সেখানেই আইএফএ-কে এই পরামর্শ দিয়েছেন তিনি। অনুধর্ব-১২ জেলা লিগ ইতিমধ্যে শেষ পর্যায়ে। এবার শুরু হচ্ছে অনূধর্ব-১৭ স্তরের খেলা। এই দুই লিগ থেকে ৩০ জন করে ফুটবলার তুলে এনে তাদের প্রশিক্ষণ দিক আইএফএ, বার্তা ক্রীডামন্ত্রীর। তিনি বলেন, "বয়সভিত্তিক জেলা লিগ আয়োজনের জন্য বিশেষভাবে উদ্যোগী হয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ক্রীড়া দফতর থেকেও যাবতীয় সাহায্য করা হচ্ছে। লিগ আয়োজনের জন্য আইএফএ-কে ৩৫ লক্ষ টাকা দিয়েছে রাজ্য সরকার। পাশাপাশি এই জেলা লিগকে প্রতিভাবান তরুণ ফুটবলার তুলে আনার মঞ্চ হিসাবে ব্যবহার করা হোক। আমি আইএফএ-কে বলব, দুটি লিগ থেকে ৩০ জন করে ফুটবলার বেছে নিয়ে তাদের তৈরি করার যাবতীয় দায়িত্ব নিতে। তাদের জন্য কোচ নিয়োগের পাশাপাশি মাসে একটা



জেলা লিগের সাংবাদিক সম্মেলনে স্বপন বন্দ্যোপাধ্যায়, অনির্বাণ দত্ত, অরূপ বিশ্বাস, অজিত বন্দ্যোপাধ্যায় ও স্বরূপ বিশ্বাস (বাঁদিক থেকে)। —অচিন্ত্য রায়।

বয়সভিত্তিক জেলা লিগ আয়োজনের জন্য বিশেষভাবে উদ্যোগী হয়েছেন মুখ্যমন্ত্ৰী মমতা বন্দ্যোপাধ্যায়। ক্রীড়া দফতর থেকেও যাবতীয় সাহায্য করা হচ্ছে। লিগ আয়োজনের জন্য আইএফএ-কে ৩৫ লক্ষ টাকা দিয়েছে রাজ্য সরকার।

অরূপ বিশ্বাস, ক্রীড়ামন্ত্রী

ক্যাম্প করে তাদের প্রশিক্ষণ দেওযা হোক। সেক্ষেত্রে কয়েক বছরের মধ্যেই রাজ্যে প্রচুর ভাল ফুটবলার উঠে আসবে বলেই আমার বিশ্বাস।" পরবর্তীতে এই ফুটবলারদের বেঙ্গল ফুটবল অ্যাকাডেমি বা ময়দানের তিন প্রধান সহ অন্য ক্লাবগুলিও দলে নিতে পারে বলেও মন্তব্য করেন ক্রীড়ামন্ত্রী। রাজ্যের ৭টি কেন্দ্রে অনূর্ধর্ব-১৭ লিগের প্রাথমিক পর্বের খেলা হবে।

সেগুলি হল পূর্ব মেদিনীপুর, হুগলি, বাঁকুড়া, বীরভূম, দক্ষিণ দিনাজপুর, কোচবিহার এবং শিলিগুড়ি। ১২ এপ্রিল শিলিগুড়িতে সূচনার পর কোয়ার্টার ফাইনাল পর্যন্ত খেলাগুলি ৭ জেলায় হবে। সেমিফাইনাল ও ফাইনাল হবে কলকাতায়। এদিনের সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী ছাড়াও আইএফএ সভাপতি অজিত বন্দ্যোপাধ্যায়, সচিব অনির্বাণ দত্ত, দুই সহ সভাপতি স্বরূপ বিশ্বাস ও সৌরভ পাল সহ সংস্থার অন্য কর্তারা উপস্থিত ছিলেন। এছাড়াও ছিলেন বিওএ সভাপতি স্বপন বন্দ্যোপাধ্যায়, ক্রীড়া দফতরের আধিকারিক মুকেশ সিং ও গৌতম বিশ্বাস সহ অন্যরা।। যাবতীয় সাহায্য এবং পরামর্শের জন্য ক্রীড়ামন্ত্রীকে ধন্যবাদ জানান আইএফএ কর্তারা। অন্যদিকে ক্রীড়ামন্ত্রী জানান, এবারের কলকাতা লিগের প্রথম ডিভিশনে যোগ দেবে বেঙ্গল ফুটবল অ্যাকাডেমি। যদিও লিগে তাদের উত্তরণ বা অবনমন— কোনওটাই হবে না।



■ উত্তর কলকাতা সবজ-মেরুন তরী আয়োজিত অনুষ্ঠানে সংবর্ধনা দেওয়া হল আইএসএল জয়ী মোহনবাগান টিমের সদস্য কিয়ান নাসিরিকে। উপস্থিত ছিলেন সূঞ্জয় বোস, স্থানীয় কাউন্সিলর মোহন গুপ্ত, সুরজিৎ বসু, সিদ্ধার্থ রায়, বিশ্বনাথ সেন, মিন্ট বাগ ও সমন দে। শনিবার।

সুপার কাপে আজ নামছে ইস্টবেঙ্গল

সাক্ষাতে ধরাশায়ী হওয়ার ঘটনা এখনও এফসির মুখোমুখি হতে চলেছে ইস্টবেঙ্গল। এবার লড়াই সুপার কাপে। এমনিতেই মরশুমটা ভাল যায়নি ইস্টবেঙ্গলের। তার উপর শেষবেলায তাল কেটেছে ম্যানেজমেন্ট কোচ বদলের কথা ঘোষণা করায়। বিশেষত কলকাতা ছাড়ার আগে সুপার কাপ খেলা নিয়ে বিশেষ ইতিবাচক শোনায়নি কোচ স্টিফেন কনস্ট্যানটাইনকে। তবে শনিবার সাংবাদিক সম্মেলনে অনেকটাই অন্য সুর ব্রিটিশ কোচের মুখে। ওড়িশার মুখোমুখি হওয়ার আগে বললেন. "ওদের বিরুদ্ধে আগেও দুবার খেলেছি। ঘরের মাঠে ম্যাচটা আমাদের জেতা উচিত ছিল। আরেকটা ম্যাচে অন্তত একটা পয়েন্ট নিয়েই মাঠ ছাড়তে পারতাম। কিন্তু সেটা হয়নি। আশা করছি কাল ফলাফল অন্য হবে।" ওড়িশার বিরুদ্ধে ঘরের মাঠে ২-০ গোলে এগিয়ে থেকে বিরতিতে যাওয়ার পর ম্যাচ ২-৪ ব্যবধানে হারেন স্টিফেনরা। আওয়ে ম্যাচে লাল-হলদ শিবির হারে ১-৩ গোলে। পাশাপাশি দল মনজেরিতে থাকলেও এদিনের সাংবাদিক সম্মেলন কেন কোঝিকোড়ে আয়োজন করা হয়েছে, তা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন স্টিফেন। অন্যদিকে, এবছর দুই সাক্ষাতে জেতার কথা এই ম্যাচের আগে মাথায় রাখছেন না বলেই দাবি ওড়িশা কোচ ক্লিফোর্ড মিরান্ডার।

সুপার কাপে ভাল পারফর্ম করতে মরিয়া নাওরেম মহেশ সিংও। লাল-হলুদের তারকা উইঙ্গারের কথায়, "সুপার কাপের জন্য বিশেষভাবে প্রস্তুতি নিয়েছি। আমরা শক্ত গ্রুপে রয়েছি। ফলে আমাদের সেরাটা দিতে হবে। শারীরিক এবং মানসিকভাবে শক্তিশালী থাকা প্রয়োজন এজন্য।" এই প্রতিযোগিতায় সাফল্যের আক্রমণে মহেশ এবং ক্লেটন সিলভার জুটিই ভরসা ইস্টবেঙ্গলের। ব্রাজিলিয়ান ফরোয়ার্ডের সঙ্গে খেলা উপভোগ করেন মহেশ নিজেও। বলেন, "ক্লেটনের অভিজ্ঞতা অনেক। ও আমাকে বিভিন্ন ভাবে সাহায্য করে।" শনিবার মনজেরিতে ঘন্টাখানেক অনুশীলন করেন ফুটবলাররা।

আজ টিভিতে

ওডিশা এফসি বনাম ইস্টবেঙ্গল রাত ৮.৩০, মনজেরি, সোনি টেন ৩



■ কিংবদন্তি ফুটবলার গোষ্ঠ পালের প্রয়াণ দিবসে ময়দান স্পোর্টস অ্যাসোসিয়েশনের তরফে ময়দানে তাঁর মর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান স্বপন বন্দ্যোপাধ্যায়। শনিবার।

কেরল যাচ্ছেন ফেরান্দোরা

অনুশীলনে নেমে পড়লেও দেখা যায়নি তাঁকে। প্রশ্ন উঠছিল, দিমিত্রি পেত্রাতোস গেলেন কোথায়? অস্ট্রেলিয়ান তারকাকে নিয়ে সমর্থকদের উদ্বেগ কমালো সবুজ-মেরুন ম্যানেজমেন্ট। জানিয়ে দেওয়া হল, দলের সঙ্গে কেরল যাচ্ছেন তিনি। জানা গিয়েছে, শনিবার রাতের দিকে কলকাতা ফিরবেন দিমিত্র। রবিবার সকালে অনুশীলন সেরে কেরালা বওনা মোহনবাগান। সেই প্র্যাকটিস সেশনে দলের সঙ্গে যোগ দেবেন দিমিত্র। তবে দীর্ঘ বিমান্যাত্রার ধকল সামলে তিনি

না। তাঁর পরিবর্তে তিরিকে দলে রাখা হয়েছে। চোটের জন্য দীর্ঘদিন মাঠের বাইরে থাকার পর সম্প্রতি পুরোদমে অনুশীলন শুরু করেছেন এই স্প্যানিশ কোচ জুয়ান ফেরান্দো। তিনি বলছেন, "দলে চোট সমস্যা আছে। আশিক. মনবীররা এখনও পুরো ফিট হয়নি।"

তিরি-দিমিত্রিকে নিয়েই

স্টাফ রিপোর্টার : তিনি মোহনবাগানকে দলেব আবেক অজি তাবকা রেন্ডন আইএসএল চ্যাম্পিয়ন করার অন্যতম হামিলের অবশ্য সুপার কাপ খেলা হচ্ছে কারিগর। কিন্তু তারপর দল ছুটি কাটিয়ে

রবি-সকালে পুরোদমে অনুশীলন করবেন না বলেই খবর।

ডিফেন্ডার। ফিটনেস কী অবস্থায় আছে তা দেখে নেওয়ার জন্যই হামিলের পরিবর্তে তিরিকে নিয়ে যাওয়া হচ্ছে বলে খবর। সরকারিভাবে অবশ্য বলা হচ্ছে, হামিলের চোট রয়েছে। ফিটনেস ইস্যু আছে দলের দুই উইঙ্গার আশিক কুরুনিয়ান ও মনবীর সিংয়েরও। দু'জনে দলের সঙ্গে অনুশীলন শুরু করলেও পুরোপুরি ফিট নন বলেই জানিয়েছেন